# শিবচর পৌরসভা কার্যালয়
## শিবচর, মাদারীপুর।

স্মারক নং- শিব-পৌর/২০২৩/৪০০ তারিখ- ০২/১০/২০২৩ খ্রিঃ

### লিটন চৌধুরী সুপার মার্কেটের দোকান বরাদ্দের পুনঃ বিজ্ঞপ্তি (৩য় পর্যায়)

মাদারীপুর জেলাধীন শিবচর পৌরসভার লিটন চৌধুরী সুপার মার্কেটের ২য় ও ৩য় তলার ১৪৭ (একশত সাতচল্লিশ) টি দোকান বরাদ্দের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে শিবচর পৌরসভার নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাইতেছে। আবেদন পত্র বিক্রয়ের শেষ তারিখ ২৫/১০/২০২৩ খ্রিঃ এবং আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ৩১/১০/২০২৩ খ্রিঃ অফিস চলাকলীন সময় পর্যন্ত। এই বিষয়ে বিস্তারিত তথ্যাবলী শিবচর পৌরসভা হইতে জানা যাইবে।

১। দোকানের আয়তন, সংখ্যা, সালামী-

**ভবন নং- ০১ (পূর্ব পার্শ্ব)**

| দোকানের তলা | দোকানের দৈর্ঘ্য, প্রষ্থ্য | দোকানের আয়তন | দোকানের সংখ্যা | প্রতি বর্গফুটের মূল্য | প্রতি দোকানের সালামী |
|---|---|---|---|---|---|
| ২য় তলা | ১৪'-০"x ৪'-০ " | ৫৬ বর্গফুট | ৫ | ৫৮০০.০০ | ৩,২৪,৮০০.০০ |
| | | ২য় তলায় মোট | ৫ | | |
| ৩য় তলা | ১২'-০"x ১৪'-০ " | ১৬৮ বর্গফুট | ৪৯ | ৫০০০.০০ | ৮,৪০,০০০.০০ |
| | ১৪'-০"x ৪'-০ " | ৫৬ বর্গফুট | ১০ | ৫০০০.০০ | ২,৮০,০০০.০০ |
| | ১৪'-০"x ৬'-০ " | ৮৪ বর্গফুট | ২ | ৫০০০.০০ | ৪,২০,০০০.০০ |
| | ১৪'-০"x ১১'-৭ ১/২ " | ১৬২.৭৫ বর্গফুট | ২ | ৫০০০.০০ | ৮,১৩,৭৫০.০০ |
| | ১৪'-০"x ১০'-২ ১/২ " | ১৪২.৯১ বর্গফুট | ১ | ৫০০০.০০ | ৭,১৪,৫৫০.০০ |
| | ১২'-০"x ৫'-৬" | ৬৬ বর্গফুট | ১ | ৫০০০.০০ | ৩,৩০,০০০.০০ |
| | | ৩য় তলায় মোট | ৬৫ | -- | -- |
| | | ১নং ভবনের ২য় ও ৩য় তলায় মোট = | ৭০ | -- | -- |

**ভবন নং- ০২ (পশ্চিম পার্শ্ব)**

| দোকানের তলা | দোকানের দৈর্ঘ্য, প্রষ্থ্য | দোকানের আয়তন | দোকানের সংখ্যা | প্রতি বর্গফুটের মূল্য | প্রতি দোকানের সালামী |
|---|---|---|---|---|---|
| ২য় তলা | ১২'-০"x ১৪'-০ " | ১৬৮ বর্গফুট | ২২ | ৫৮০০.০০ | ৯,৭৪,৪০০.০০ |
| | ১৪'-০"x ৪'-০ " | ৫৬ বর্গফুট | ১১ | ৫৮০০.০০ | ৩,২৪,৮০০.০০ |
| | | ২য় তলায় মোট | ৩৩ | | |
| ৩য় তলা | ১২'-০"x ১৪'-০ " | ১৬৮ বর্গফুট | ৩০ | ৫০০০.০০ | ৮,৪০,০০০.০০ |
| | ১২'-০"x ১০'-০ " | ১২০ বর্গফুট | ০১ | ৫০০০.০০ | ৬,০০,০০০.০০ |
| | ১৪'-০"x ৪'-০ " | ৫৬ বর্গফুট | ১২ | ৫০০০.০০ | ২,৮০,০০০.০০ |
| | ৬'-০"x ১১'-৭ " | ৬৯.৪৮ বর্গফুট | ১ | ৫০০০.০০ | ৩,৪৭,৪০০.০০ |
| | | ৩য় তলায় মোট | ৪৪ | -- | -- |
| | | ২নং ভবনের ২য় ও ৩য় তলায় মোট = | ৭৭ | -- | -- |

শর্তাবলী-

১। লিটন চৌধুরী সুপার মার্কেটের দোকান বরাদ্দ প্রাপ্তির জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিক/ প্রতিষ্ঠান ক্রয়কৃত আবেদনপত্রের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে বিজ্ঞাপনে প্রকাশিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করিতে পারিবেন।

২। দোকানের সংখ্যার চেয়ে প্রাপ্ত আবেদনপত্রের সংখ্যা বেশি হইলে লটারির মাধ্যমে দোকান বরাদ্দ দেওয়া হইবে।

৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে অফিস চলাকালীন সময়ে ২০০০/- (দুই হাজার) টাকা (অফেরত যোগ্য) নগদ প্রদান সাপেক্ষে শিবচর পৌরসভা হইতে আবেদন পত্র ক্রয় ও দাখিল করা যাইবে।

৪। বাংলাদেশের নাগরিকত্ব প্রমানের জন্য সংশ্লিষ্ট মেয়র/ চেয়ারম্যান এর নিকট হইতে গৃহীত নাগরিক সনদপত্র দাখিল করিতে হইবে।

৫। ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা/ মেয়র/ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র (NID), আয়কর সনদ (e-TIN) (যদি থাকে) দাখিল করিতে হইবে।

৬। নির্মানাধীন বা নির্মিতব্য দোকান বরাদ্দের জন্য আবেদনকারীকে আবেদন পত্রের সহিত দোকানের জন্য ধার্যকৃত সালামীর টাকার ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ মেয়র, শিবচর পৌরসভা এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হইতে পে-অর্ডার বা ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৭। দোকানের সাময়িক বরাদ্দপত্র প্রাপ্তির ৯০(নব্বই) দিনের মধ্যে বরাদ্দ প্রাপককে ২৫% সালামী এবং অবশিষ্ট ২৫% অর্থ পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে পরিশোধ করিতে হবে। অন্যথায় বরাদ্দ বাতিল হইয়াছে বলে গণ্য হইবে এবং জমাকৃত সালামির ১০% (শতকরা ১০ ভাগ) পৌরসভা বরাবরে বাজেয়াপ্ত হইবে।

৮। দোকানের ভাড়া পৌর পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী নবায়নযোগ্য।

৯। দোকানের সাময়িক বরাদ্দ প্রাপ্তির ১৮০ (একশত আশি) দিনের মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতা যদি স্বেচ্ছায় দোকান পৌরসভার নিকট সমর্পণ (সারেন্ডার) করেন তবে জমাকৃত সালামীর উপর ২৫% কর্তন পূর্বক বরাদ্দ বাতিল করে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বরাদ্দ প্রাপক বা ইজারা গ্রহীতাকে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হইবে।

১০। দোকানের দখল বুঝিয়া পাওয়ার পূর্বে ইজারা গ্রহীতা উক্ত দোকান স্বেচ্ছায় পৌরসভার নিকট সমর্পণ (সারেন্ডার) করিলে সালামীর উপর ২০% এবং পৌরসভার অন্যান্য পাওনা (যদি থাকে) কর্তন করে দখল সমর্পণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে তাকে সালামীর অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হইবে।

১১। দোকানের দখল বুঝাইয়া দেওয়ার তারিখ হইতে ধার্যকৃত হারে ভাড়া আদায়যোগ্য। দোকান গ্রহীতা শিবচর পৌরসভার লিখিত পূর্বানুমোদন ব্যতিত কোন দোকান ভাড়া বা বিক্রয় বা হস্তান্তর করিতে পারিবে না। দোকানের ভাড়া বাবদ পৌরসভার পাওনা অর্থ প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে পরিশোধ

করিতে হইবে। পরপর ০৩ (তিন) মাসের ভাড়া বকেয়া থাকিলে পৌর কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১২। অসম্পূর্ন/ অস্বাক্ষরিত/ অসত্য/ ক্রটিপূর্ন/ ঘষামাজা/ ফ্লুইড দেওয়া তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৩। দোকানের মালিক নিজে বা ভাড়াটিয়া দোকানে কোন অসামাজিক কার্যকলাপে লিপ্ত হইলে বা বে-আইনি কোন দ্রব্যাদি বিক্রয় বা বিক্রয়ের উদ্দেশ্যে মজুদ করিলে দোকান বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। কর্তৃপক্ষ দোকান বরাদ্দের যে কোন বিজ্ঞাপন/ আবেদনপত্র/ শর্ত/ শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/ সংশোধন/ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১৫। দোকানের মূল্য পরিশোধের পর বরাদ্দ প্রাপককে নিজ খরচে ও উদ্যোগে দলিল সম্পাদন করিতে হইবে।

২/১০/২৩

(মোঃ আওলাদ হোসেন খান)
মেয়র
ও
চেয়ারম্যান, লিটন চৌধুরী সুপার মার্কেট
দোকান বরাদ্দ কমিটি, শিবচর পৌরসভা
শিবচর, মাদারীপুর।

স্মারক নং- শিব-পৌর/২০২৩/৪০০ তারিখ- ০২/১০/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরন (জেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। জনাব নূর-ই-আলম চৌধুরী এমপি, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, মাদারীপুর।
৪। উপজেলা চেয়ারম্যান, শিবচর উপজেলা, শিবচর, মাদারীপুর।
৫। উপ-পরিচালক, মাদারীপুর।
৬। উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।
৭। সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর।
৮-১২ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ গনপূর্ত/ জনস্বাস্থ্য/ সওজ/ শিক্ষা প্রকৌশল/ মাদারীপুর।
১৩-২৮। জনাব ....................,,,,,,,,,,,,,,,,,,,,..........কাউন্সিলর, নং ওয়ার্ড, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
২৯। অফিস কপি।
৩০। নোটিশ বোর্ড।